

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

২৩ শ্রাবণ ১৪৩০

তারিখ:

০৭ আগস্ট ২০২৩

ডিএফআইএম সার্কুলার নং-০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

খণ্ড সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এফআইডি সার্কুলার নং-১০, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০০৫ এর মাধ্যমে জারিকৃত Guidelines on ‘‘Managing Core Risks of Financial Institutions (non-bank)’’ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত গাইডলাইনের অন্তর্ভুক্ত Credit Risk Management সংক্রান্ত নির্দেশনার ৩.২.১ ও ৩.২.২ নং অনুচ্ছেদে খণ্ড বিতরণের পূর্বে খণ্ড চুক্তি সম্পাদন, গ্যারান্টি সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টেশন সম্পাদন, জামানতের উপর চার্জ ক্রিয়েশন/সহায়ক জামানতের বন্ধকী প্রক্রিয়া সম্পাদন করাসহ সকল ডকুমেন্টেশন প্রক্রিয়া সম্পাদন করার বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইনের Appendix 3.2.1 এ Security Documentation Checklist প্রদান করা হয়েছে, যেখানে খণ্ড গ্রহীতা এবং জামিনদাতা/জামিনদাতাগণের স্বাক্ষর গ্রহণ ও যাচাইয়ের বিষয়ে উল্লেখ রয়েছে।

৩। মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে খণ্ড গ্রহীতাগণ এবং খণ্ডের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে খণ্ড গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে খণ্ড গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় খণ্ড আদায়ের আইনগত প্রক্রিয়া বিস্তৃত হচ্ছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, খণ্ড আদায়ের ক্ষেত্রে উদ্ভৃত আইনগত জটিলতা নিরসনকলে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, খণ্ড প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু খণ্ডগ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট ত্রয় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে।

৫। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮